সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
**পণ্ডিত-প্রেস**
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



**বহরমপুর এক্সরে ক্লিনিক**
লাল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৫২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৫শে ফাল্গুন বুধবার, ১৩৭২ ইং 9th Mar. 1966 { ৪১শ সংখ্যা





"সকল ঘরের তরে...
**দীপ্তি লণ্ঠন**
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. Seser

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO. 

**খাস জনতা**
কেরোসিন কুকার
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

সাইকেল ও সাইকেল পার্টস এর
নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান
**সুলভ ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ চাউলপটী।

স্টুডেন্টস্ ফেভারিট
রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

২৫শে ফাল্গুন বুধবার সন ১৩৭২ সাল।

# সভ্যতা ও সত্যতা

—০—

অধিকাংশ লোকেই বলে থাকে—দেশ আর অসভ্য নাই ক্রমে ক্রমে সকলেই সভ্যতার আলোক পেয়ে সভ্য হ'তে চলেছে। সাবেক চলনে কাউকে চল্‌তে দেখলেই তথাকথিত সভ্যরা তা'কে অসভ্য জ্ঞানে বলে থাকে—গরুর গাড়ীর যুগে যা' হ'তো এখন তা চলবে না।

আমরাও বলি সত্যি সত্যি তা চলবে না। এখন সভ্য জগতে খুব হুঁসিয়ার হ'য়ে চলতে হবে। এখন লোকের মান সম্মানের জ্ঞান হয়েছে। মর্য্যাদা জ্ঞানও যথেষ্ট। মর্য্যাদা জ্ঞানসম্পন্ন লোকের কাছে শুধু মান মর্য্যাদা নয়, ধন প্রাণ শুদ্ধ বাঁচাতে হ'লে সাবধানে চলা দরকার। আগে একজনের অভাবের সময় তার প্রতিবেশী তা'কে টাকা ধার দিত, বিনা দলিলে, বিনা লেখাপড়ায়, বন্ধক না নিয়ে; সাক্ষী থাকতেন—ভগবান, চন্দ্র, সূর্য্য, মা বসুমতী। সে টাকা যদি দেনাদার জীবন থাকিতে পরিশোধ করতে না পারতো মরণকালে দশজনের সামনে ছেয়েমেয়েদের সঙ্গে পাওনাদারের মোকাবিলা ক'রে দিয়ে যেতো—উত্তরাধিকারীদের বলে যেতো আমার আত্মার শান্তির জন্য এই টাকা শোধ ক'রে দিও, নইলে আত্মার মুক্তি নাই। আজ লেখাপড়া ক'রে, সাক্ষী রেখে, দলিল রেজেষ্টারী করেও দেনা ফাঁকি দিবার কত যে কৌশল সভ্য জগত শিক্ষা দিয়েছে ও দিচ্ছে তার সীমা সংখ্যা নাই। অসভ্য যুগে দেনা তামাদী হ'তো না, এখন তামাদী করতে পারলে ব্যস্। অমনী! ইন্সল্‌ভেন্‌সি নিয়ে পাওনাদারকে রম্ভা প্রদর্শন এক অকাট্য কৌশল। তারপর ১ বৎসর কি দেড় বৎসর পর ইন্‌সল্‌ভেন্ট আবার শেঠজী। অথচ সাবেক দেনা আর দিতে হবে না। কাজেই আমরা সভ্যতা দিয়ে সত্যতাকে ধ্বংস করতে সিদ্ধহস্ত হয়েছি।

কেউ কাউকে বিশ্বাস করি না। সহোদরকে ফাঁকি দিবার অব্যর্থ আর্য্যা স্ত্রীধন করা। রাস্তায় চল্‌তে হ'লে সঙ্গী পথিককে বিশ্বাস করা আর চলে না। আফিসে আফিসে লেখা আছে "পকেটমার হ'তে সাবধান" এক ভাষায় নয় দেশের চলিত সব ভাষায় সবকে সাবধান ক'রে দেওয়া হয়েছে। রেলের গাড়ীতে ছাপার অক্ষরে লিখে দিয়েছে মালের উপর নজর রাখো, নিজের টিকিট নিজে কেনো, ঠগ, জোচ্চোর, পকেটমার তোমার নিকটেই আছে। বলুন দেখিনি—কত সভ্য যুগ এটা। এটা সভ্যতার আলোক—তার ঔজ্জ্বল্য যে কত, তা বলবার নয়। চোক বুজেছ কি সব লোপাট। সভ্যতা সত্যতাকে তফাৎ করে দিয়েছে। আদালতে সাক্ষী দিতে বা নালিশ করতে সত্যতা বা হলপ পাঠ করতে হয়—আমি প্রতিজ্ঞাপূর্ব্বক বলিতেছি—আমি যে এজাহার করবো তার সকল অংশ সত্য হবে কোন অংশ মিথ্যা হবে না। শেষ অবধি বিচারক এই সত্যতা পাঠযুক্ত সাক্ষ্য জেরার চোটে মিথ্যা এমন কি জল জিয়ন্ত মিথ্যা দেখে হলপকারীকে মিথ্যাবাদী ঘোষণা করে রায় দিতে বাধ্য হন। প্রতিজ্ঞা বা হলপের মূল্য সভ্যতার যুগে এইভাবে নির্দ্ধারিত হয়। তাই বলি সভ্যতার আলোকে সত্যতা ঝল্‌সিয়ে ছাই হ'য়ে গিয়েছে। সভ্যতা সত্যতাকে দেশ থেকে না তাড়িয়ে ছাড়বে না।

---

## মশার উপদ্রব

মশার উপদ্রব ক্রমাগত বেড়ে চলেছে। সন্ধ্যার পর কি শহরে বা গ্রামে অনাবৃত অবস্থায় বসিয়া থাকা দায় হইয়াছে। ম্যালেরিয়া গিয়াছে, কিন্তু মশা গেল না। ম্যালেরিয়া ছাড়াও ডেঙ্গু, ফাইলেরিয়া প্রভৃতি মারাত্মক ব্যাধির বীজাণু মশা বহন করে এবং দেশময় বিস্তার করে।

---

# গঙ্গা

'পদ্যপাঠে'র রচয়িতা বিখ্যাত কবি যদুগোপাল চট্টোপাধ্যায় মহাশয়ের লিখিত গঙ্গার অপূর্ব্ব বর্ণনা—

সুরধুনি! কত শুনি মহিমা তোমার,
ত্বরিত করিয়া দূর ধরণী মণ্ডলে
কেবল কৈবল্য দিতে তব অবতার!
ভক্তি গদ গদ চিত্তে কোবিদ সকলে
বিরচিয়া তব স্তব হন স্বর্গগামী;
তব তত্ত্ব, দীন সত্ত্ব কি বুঝিব আমি।
কেহ বলে ছিলে তুমি ব্রহ্মকমণ্ডলে,
কেহ বলে বিষ্ণু পদে তোমার উদ্ভব,
ধূর্জটির জটাবন্ধে ছিলে বলে কেহ,
কেহ বলে জহ্নুমুনি পিতা হন তব
যেখানে যেরূপে হোক উৎপত্তি তোমার,
মূর্তিমতী দয়ারূপা তুমি বিধাতার।
আর এক নিবেদন আছে তব পায়,
আমার ভবের লীলা ফুরাবে যখন,
তুমি প্রবাহিনী রবে এমতি ধারায়,
এমতি আবর্তে ঘুরে করিবে নর্তন,
এমতি চন্দ্রার্ক-ভীতি তোমায় উরসে
রঞ্জিত করিবে চারু, রজনী দিবসে।
আমি যাব, রবে তুমি, তাই নিবেদন
করিতেছি সবিনয়ে, মকর বাহিনী!
ভারতবর্ষের কবি কল্যাণ সাধন
যবনে ব্রাহ্মণে হ'ও—জ্ঞান বিধায়িনী।
কলকল নাদে সবে দিও উপদেশ,—
ভিন্ন উপাসনা জন্য না করে বিদ্বেষ।
তোমারে দেখিয়া তারা লভে যেন জ্ঞান
মহাসিন্ধু সনে যথা তোমার মিলন,
যে দিকে যেমন পথে হোক বহমান
সকল নদের হয় সমুদ্রে পতন।
সাধনার থাকিলেও বিভিন্ন পদ্ধতি
মহান্ ঈশ্বরে সব সাধকের গতি।

---

## দোল উৎসব

জঙ্গিপুর মহকুমার শহর ও মফঃস্বলে সর্ব্বত্র দোল উৎসব নির্বিঘ্নে সম্পন্ন হইয়াছে।

---

## শ্রীশ্রী৺ব্রহ্মাদেবের পূজা

গত ২৩শে ফাল্গুন সোমবার পূর্ব্বাপূর্ব্ব বৎসরের ন্যায় রঘুনাথগঞ্জ বাজারপাড়ার শ্রীননীগোপাল নন্দন মহাশয়ের বাড়ীতে শ্রীশ্রী৺ব্রহ্মাদেবের পূজার্চ্চনা যথারীতি সম্পন্ন হইয়াছে। নিমন্ত্রিত ভদ্র মহোদয়-দিগকে প্রসাদ বিতরণে আপ্যায়িত করা হয়।

---

## প্রাথমিক শিক্ষকদের দাবী

মাসিক ১৮০ টাকা বেতনসহ ৩৮ দফা দাবীর ভিত্তিতে পশ্চিম বঙ্গের অন্যান্য জেলার প্রাথমিক শিক্ষকদের সঙ্গে মুর্শিদাবাদ জেলার প্রাথমিক শিক্ষক শিক্ষিকাবৃন্দ আগামী ১৬ই মার্চ্চ বেলা ১টা থেকে ১৭ই মার্চ্চ বিকেল ৫টা পর্য্যন্ত বহরমপুরস্থ জেলা স্কুল বোর্ড দপ্তরের সামনে অবস্থান ধর্মঘট কোরবেন বোলে মুর্শিদাবাদ জেলা প্রাথমিক শিক্ষক সমিতির প্রচারিত এক বিজ্ঞপ্তিতে জানা গেছে। ইস্তাহারে আরও বলা হয়েছে যে "অবস্থান আন্দোলনের পরও সরকার যদি দাবী বিবেচনা না করেন তবে প্রয়োজন হইলে আইন অমান্য আন্দোলন করা হইবে।"

---

## সুফিয়া খাতুন

সাদিখাঁরদেয়াড় বিদ্যানিকেতনের ছাত্রী সুফিয়া খাতুন শিলংয়ে অনুষ্ঠিত সর্ব্বভারতীয় স্কুল স্পোর্টসে ১০০ ও ২০০ মিটার দৌড়ে নতুন রেকর্ড স্থাপন কোরেছে। সুফিয়ার এই কৃতিত্ব সম্পর্কে নতুন কোরে বলার কিছু নেই। তার কৃতিত্ব স্কুলের ছাত্রীর গণ্ডী ছাড়িয়ে আরও বিস্তৃত ক্ষেত্রে ছড়িয়ে পড়বে এ প্রত্যাশা করা অসমীচীন নয়।

---

## কেরোসিন

দেশের সর্ব্বত্র কেরোসিনের জন্য হাহাকার উঠেছে ; কার্ডে বিলি ব্যবস্থায় যেটুকু পাওয়া যাচ্ছে প্রয়োজনের তুলনায় তা নগণ্য। সব চেয়ে মুস্কিল হয়েছে ছাত্র-ছাত্রীদের পড়াশোনায়, বাড়ীর নিত্য-প্রয়োজনীয় কাজ মিটিয়ে পড়াশোনার জন্য তেল ঠিক মিলছেনা।

শহরে যে সব বাড়ীতে বিজলী বাতি নাই সেই সব গৃহস্থের কেরোসিন তেলের পরিমাণ বৃদ্ধি হওয়া উচিত। সাধারণ লোকে একটার পর একটা অসুবিধা ভোগ করিয়া চলিতেছে।

Government of West Bengal.
Office of the Collector of Murshidabad.
Excise Department.

## NOTICE

Applications are invited from the intending candidates for settlement of the Ganja and Bhang shop at Khagra under Berhampore P. S. of Murshidabad District. Approximate monthly gross income is Rs. 70/- only. Persons who desire to be considered for selection as licensees of the said shops should apply in writing in the prescribed form which may be seen at the District Excise Office at Berhampore and all Excise circle offices and Subdivisional Headquarters, with a Court Fee Stamp worth seventy five paise to Additional District Magistrate, Murshidabad on or before the 17th March, 1966.

The candidate must possess the following qualifications :—

1. He must be financially solvent to run the shop.

2. He should be in a position to find out a suitable hand which should be free from reasonable public objection for establishment of the above shops at Khagra area under Berhampore P. S.

3. He must be prepared to deposit Advance Security Deposit for the above shops.

Candidates are required to appear before the undersigned for an interview at their own expense at the district Excise Office at Berhampore if and when called for.

The selection will be temporary for a specified period and the undersigned reserves the right for rejection of any application without assigning any reason whatsoever.

Candidates must bring with them all the original certificates and testimonials and other documents in support of their statement as may be recorded in the application, at the time of interview.

Persons who have been convicted by a criminal court of a non-bailable offence or who are in arrears to Government or whose conduct have been found to be unsatisfactory or who have been found guilty of any serious breach of conditions of their licenses are not suitable for selection as licensee.

Sd/- U. C. Mahato
for Addl. District Magistrate
3. 3. 66 Murshidabad.

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ২১শে মার্চ্চ, ১৯৬৬

১৯৬৫ সালের ডিক্রীজারী

৯ মনি ডিঃ সমসের আলি বিশ্বাস দেং মৃত্যুঞ্জয় চট্টোপাধ্যায় দাবি ১৬১'২১ পয়সা থানা সাগরদীঘি মৌজে একরখি ১-২৯ শতকের কাত ৫৲ আঃ ৫০০৲ খং ১০ রায়ত স্থিতিবান স্বত্ব

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১১ই এপ্রিল, ১৯৬৬

১৯৬৫ সালের ডিক্রীজারী

২৫ মনি ডিঃ সুধীরকুমার মুখোপাধ্যায় দেং বৈদ্যনাথ সাহা দাবি ২০৩৭৭ পয়সা থানা রঘুনাথগঞ্জ মৌজে সোনাটিকরী ১'২৭ শতকের অর্দ্ধাংশ ৭৩।৹ শঃ আঃ ১০০৲ খং ৪১০ ও ৪১১ ২নং লাট থানা ঐ মৌজে শ্রীকান্তবাটী ৫৬ শতকের অর্দ্ধাংশ ২৮ শতক আঃ ৫০৲ খং ১১৫

---

## কর্ম্মখালি

একজন বেসিক ট্রেণ্ড শিক্ষক এবং একজন ট্রেণ্ড মাদার টীচার চাই। অভিজ্ঞতা উল্লেখে, প্রশংসাপত্রসহ ১৫-৩-৬৬ মধ্যে আবেদন করিতে হইবে। স্থানীয় প্রার্থীর দাবী অগ্রগণ্য। শ্রীপ্রাণগোপাল চট্টোপাধ্যায়, চেয়ারম্যান, জঙ্গিপুর মিউনিসিপ্যালিটী।





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২





শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও

সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং *বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি* ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬



## দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়



## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত



হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)